# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ ঘটনা-১: তালহা ঈদে মোবাইল কিনেছে বলে পোশাক নেয়নি।

ঘটনা-২: তালহা বিজ্ঞানমেলায় উপস্থিত বক্তৃতায় একসেট বিজ্ঞান ভিত্তিক বই উপহার পেল।

ঘটনা-৩: সরকার দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে বিশেষ পদক্ষেপ গ্রহণ করে।

ক. কোন দেশের অর্থনৈতিক সমৃদ্ধি নির্ভর করে কীসের ওপর? ১

খ. মিশ্র অর্থব্যবস্থা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের ঘটনা-১ অর্থনীতির কোন বিষয়টিকে তুলে ধরা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ঘটনা-৩ অর্থনীতিতে ও ঘটনা-২ ব্যক্তিজীবনে প্রভাব ফেলে— উক্তিটি মূল্যায়ন করো। ৪

২.▶

| ক | খ |
|---|---|
| পশুপালন | যানবাহন চালনা |
| মৎস্য চাষ | পোশাক শিল্পের কাজ |

ক. অর্থনৈতিক দ্রব্য কী? ১

খ. হস্তান্তরযোগ্যতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'ক' ও 'খ' বক্সের কাজগুলো অর্থনীতির কোন ধরনের কাজের অন্তর্ভুক্ত? উক্ত কাজগুলোর তুলনামূলক আলোচনা করো। ৩

ঘ. 'মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ড অত্যন্ত বিচিত্র ধরনের'— বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৩. ▶

| প্রতি একক দ্রব্যের দাম (টাকায়) | চাহিদার পরিমাণ (কেজি) |
|---|---|
| ২ টাকা | ১৫ |
| ৪ টাকা | ১০ |
| ৬ টাকা | ৫ |

ক. শিল্প কাকে বলে? ১

খ. উপকরণের দাম দ্বারা দ্রব্যের যোগান কীভাবে প্রভাবিত হয়? ব্যাখ্যা করো। ২

গ. উপরের চাহিদা সূচি থেকে চাহিদা রেখা অঙ্কন করো। ৩

ঘ. ভারসাম্য দাম নির্ধারণ প্রক্রিয়াটি চিত্রের সাহায্যে বিশ্লেষণ করো। ৪

৪. ▶ আজমল সাহেব একটি বিজ্ঞাপন সংস্থায় কাজ করেন। একবার তার বিলবোর্ড ভেঙে রাস্তা বন্ধ হওয়াতে মানুষকে অন্য রাস্তা দিয়ে বেশি ভাড়ায় চলাচল করতে হয়। ফলে খরচ বেশি হয়।

ক. ভার অর্পণ কী? ১

খ. স্বত্বগত উপযোগ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. আজমল সাহেবের প্রতিষ্ঠানের প্রকাশ্য ও অপ্রকাশ্য ব্যয় ব্যাখ্যা করো। ৩

ঘ. এলাকায় জনসাধারণের বেশি ভাড়া দিয়ে চলাচল করতে হয়। এটি কোন ধরনের ব্যয় বুঝিয়ে লেখো। ৪

Teachingbd24.com

৫. ▶ A বাজারের পণ্য → মাছ, মাংস, দুধ, ডিম, ফল

B বাজারের পণ্য → মোটরগাড়ি, ট্রেন, জাহাজ, টিভি, ফ্রিজ।


ক. ভর্তুকি কী? ১

খ. অর্থনীতিতে বাজার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'ক' বাজারের বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'খ' বাজারের 'চাহিদার পরিবর্তনের সাথে যোগান সাড়া দিতে পারে'— মূল্যায়ন করো। ৪

৬. ▶



ক. ব্যয় পদ্ধতি কী? ১

খ. মাধ্যমিক দ্রব্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে '?' চিহ্নিত খাতের অবদান ব্যাখ্যা করো। ৩

ঘ. 'খ' ও 'গ' খাতের অবদান 'ক' খাতের চেয়ে কম নয়— বিশ্লেষণ করো ৪

**৭.▶** অকমল সাহেব একজন শিল্পপতি। ব্যবসায়ের কাজের জন্য তিনি পণ্য আমদানি ও রপ্তানি করে থাকেন। এক্ষেত্রে তাকে ব্যাংকের সহায়তা নিতে হয় এবং ব্যাংকও তাকে কিছু সেবা দিয়ে থাকে।

ক. প্রতীক মুদ্রা কী? ১

খ. ব্যাংককে ঋণের কারবারি বলা হয় কেন? ২

গ. আকমল সাহেবকে সহায়তা প্রদানকারী ব্যাংকের মূল উদ্দেশ্য কী? ব্যাংক কীভাবে তার উদ্দেশ্য সফল করে? ৩

ঘ. আকমল সাহেবকে ব্যবসায়িক কাজে ব্যাংকের যে সকল ক্ষেত্র থেকে সহায়তা গ্রহণ করতে হয় তা উল্লেখপূর্বক বিশ্লেষণ করো। ৪

**৮.▶** মিজান পড়ালেখা শেষ করে নিজে কিছু করার চিন্তা করে। সে কয়েক বিঘা জমিতে শস্য ও শাকসবজি চাষ করে। পাশাপাশি কয়েকটি বিদেশি জাতের গরু দিয়ে খামার তৈরি করে। সে এখন দেশের জাতীয় আয়ে অবদান রাখছে।

ক. শিল্প কাকে বলে? ১

খ. সেবাখাত বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. মিজান কীভাবে দেশের জাতীয় আয়ে অবদান রাখছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উল্লিখিত বিষয়গুলো ছাড়া আর কোন খাতের মাধ্যমে মিজান দেশের অর্থনীতিতে ভূমিকা রাখতে পারে? বিশ্লেষণ করো। ৪

**৯.▶** মৌমিতা উচ্চ শিক্ষার জন্য যে দেশে যায়, সেখানে ভূমি ও প্রাকৃতিক সম্পদের পূর্ণ ব্যবহার হয়। ফলে আয় ও সঞ্চয় বৃদ্ধি পায়। রাজনৈতিক পরিস্থিতি স্থিতিশীল যা নিজ দেশ বাংলাদেশে সে দেখে না।

Teachingbd24.com

ক. বেকারত্ব কী? ১

খ. দারিদ্র্যের দুষ্টচক্র বলতে কী বোঝ? ২

গ. মৌমিতার যাওয়া দেশটির অর্থনৈতিক বৈশিষ্ট্যগুলো চিহ্নিত করো। ৩

ঘ. অর্থনৈতিক উন্নয়নের মাত্রা ও স্তরের ভিত্তিতে মৌমিতার নিজ দেশের অবস্থান পর্যালোচনা করো। ৪

১০.▶ মারজিনা বেগম একজন ব্যাংকার। তিনি তার সংসার পরিচালনার জন্য বাজেট তৈরি করেন। কিন্তু বছরের শেষে দেখা যায় তার বাজেটটি ঘাটতি বাজেট।

ক. বাজেট কী? ১

খ. সরকারি অর্থব্যবস্থা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে মারজিনা বেগমের সংসারে যে ঘাটতি দেখা যায় বাজেটের ক্ষেত্রে তা কী ধরনের প্রভাব ফেলে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের মারজিনা বেগমের সংসার পরিচালনার মতো রাষ্ট্রীয় ক্ষেত্রে বাজেট প্রয়োগ কতটা জরুরি বলে তুমি মনে কর? ৪

১১.▶ দৃশ্যপট-১: করিম একজন শিল্পপতি। তার অনেক কারখানা আছে। তিনি তার তৈরিকৃত পোশাকের গুণগত মান বজায় রাখেন এবং শ্রমিকদের ন্যায্য পারিশ্রমিক দেন এবং ছয় মাস পর পর কাজের পুরস্কার প্রদান করেন।

দৃশ্যপট-২: করিমের ছেলে বি.এ পাস করলে করিম তাকে তার পোশাক কারখানায় কাজ করতে বলেন। পরবর্তীতে করিমের ছেলে ম্যানেজার পদে যোগ দেয়। এ জন্য আমেরিকায় একটি কোর্স করতে যায়।

ক. দুষ্প্রাপ্যতা কী? ১

খ. সম্পদের স্বল্পতা থেকেই নির্বাচন সমস্যাটি উদ্ভূত— ব্যাখ্যা করো। ২

গ. দৃশ্যপট-১ এ তোমার পঠিত অর্থনীতির নীতিসমূহের কোন নীতি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. করিমের ছেলেকে গার্মেন্টিসের ওপর কোর্স করার সিদ্ধান্তটির যৌক্তিকতা অর্থনীতির সংশ্লিষ্ট নীতিসমূহের আলোকে বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট　　পূর্ণমান — ৩০

# বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি(●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. ইংরেজি ECONOMICS শব্দটি গ্রিক কোন শব্দ থেকে এসেছে?**
ক Okenomia　খ Oikonomia
গ Akenomia　ঘ Olkenomia

**২. কোন দার্শনিকরা অর্থ লগ্নি বা অর্থ সুদে খাটানোকে খুনের সমান অপরাধ মনে করতেন?**
ক গ্রিক　খ ইংরেজ
গ রোমান　ঘ ইউরোপীয়ান

**৩. মুদ্রাস্ফীতি ঘটলে কোন অবস্থা পরিলক্ষিত হবে?**
ক অর্থের মান কমে যায়
খ অর্থের মান বেড়ে যায়
গ অর্থের মান সমান থাকে
ঘ অর্থের মান পরিবর্তন হয় না

**নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
মুনা তার মায়ের জন্য শাড়ি কিনতে গিয়ে দেখল, শাড়ির দাম খুব বেশি। তাই সে শাড়ি না কিনেই বাড়ি ফিরল। কিন্তু কিছুদিন পর মুনা মায়ের জন্য দুইটি শাড়ি নিয়ে এলে তার মা খুব খুশি হন।

**৪. কিছুদিন পর মুনার শাড়ি কেনার যৌক্তিক কারণ কোনটি?**
ক দাম কমেছিল
খ দাম বেড়েছিল
গ দাম অপরিবর্তিত ছিল
ঘ শাড়ি বেশি ছিল

**৫. মুনার শাড়ি কেনার ক্ষেত্রে যে যৌক্তিক শর্ত পূরণ হয়েছে তাহলো—**
i. আকাঙ্ক্ষা
ii. ক্রয়ক্ষমতা
iii. অর্থ ব্যয়ের ইচ্ছা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**৬. কোন দ্রব্যের উপযোগ নিঃশেষ করাকে কী বলে?**
ক যোগান　খ চাহিদা
গ ভোগ　ঘ ভোক্তা

**৭. নিচের কোনটিকে স্বাভাবিক মুনাফা বলা যায়?**
ক মোট আয় = মোট ব্যয়
খ মোট আয় > মোট ব্যয়
গ মোট আয় < মোট ব্যয়
ঘ মোট আয় ≠ মোট ব্যয়

**৮. সুন্দরবনের আয়তন কত?**
ক প্রায় ৫,০১৭ বর্গ কি.মি.
খ প্রায় ৬,০১৭ বর্গ কি.মি.
গ প্রায় ৭,০১৭ বর্গ কি.মি.
ঘ প্রায় ৮,০১৭ বর্গ কি.মি.

**৯. অর্থনীতিতে দ্রব্য হতে হলে থাকতে হবে—**
i. উপযোগ
ii. যোগান সীমাবদ্ধতা
iii. সহজলভ্যতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**১০. মিলার কাছে একটি খাতা ও একটি কলম কেনার জন্য ২০ টাকা আছে। মিলা খাতা না কিনে ২০ টাকা দিয়ে দুটি কলম কিনল, অর্থনীতিতে একে কী বলা হয়?**
ক উপযোগ　খ যোগান
গ সুযোগ ব্যয়　ঘ উৎপাদন

**নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**
রিপা তার মার সাথে গহনা বানাতে সোনার দোকানে গেল। দু'তিনটি দোকান ঘুরে তারা খেয়াল করলো সব দোকানে সোনার একই মূল্য।

**১১. রিপা ও তার মা যে দোকানে গিয়েছিল, তা কোন ধরনের বাজার?**
ক স্বল্পকালীন
খ একচেটিয়া
গ পূর্ণ প্রতিযোগিতামূলক
ঘ অলিগোপলি

**১২. এ বাজারের দ্রব্যসামগ্রী—**
i. একই গুণসম্পন্ন
ii. সমজাতীয়
iii. পরিপূরক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**১৩. করিম সাহেব নতুন ব্যবসা দাঁড় করানোর জন্য একটি বাড়ি ভাড়া করলেন, এটি তার কী ধরনের ব্যয়?**
ক স্বল্পকালীন ব্যয়　খ অদৃশ্যমান ব্যয়
গ সাধারণ ব্যয়　ঘ প্রকাশ্য ব্যয়

Teachingbd24.com

১৪. সাধারণত কোন ক্ষেত্রে ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধিটি অধিক কার্যকর?

ⓚ কৃষিক্ষেত্রে ⓚ খনিজক্ষেত্রে

(ক) কৃষিক্ষেত্রে (খ) খনিজক্ষেত্রে
(গ) ক্ষুদ্র শিল্পে (ঘ) বৃহৎ শিল্পে

১৫. উৎপাদনে সাহায্য করে এমন সব প্রাকৃতিক সম্পদকে কী বলে?

(ক) শ্রম (খ) মূলধন
(গ) সংগঠন (ঘ) ভূমি

১৬. আমদানি শুল্ক বা আবগারি শুল্ক বা VAT আরোপের পরও অতিরিক্ত আরোপিত শুল্ককে কী বলে?

(ক) সম্পূরক শুল্ক
(খ) আয়কর
(গ) মূল্য সংযোজন কর
(ঘ) বাণিজ্য শুল্ক

**নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**

রায়হানের দেশে সম্প্রতি বাজেট পাশ হয়েছে। পাশকৃত বাজেটে আয়ের চেয়ে ব্যয় বেশি দেখানো হয়েছে। বাজেটে দেশ-বিদেশের বিভিন্ন উৎস থেকে এই ব্যয় মিটানোর কথাও বলা হয়েছে।

১৭. রায়হানের দেশের বাজেটটি কী ধরনের বাজেট?

(ক) সুষম বাজেট (খ) ঘাটতি বাজেট
(গ) উদ্বৃত্ত বাজেট (ঘ) মূলধনী বাজেট

১৮. রায়হানের দেশের বাজেটের অতিরিক্ত অর্থ আসে—

i. অভ্যন্তরীণ ব্যাংক ব্যবস্থা হতে ঋণ
ii. বৈদেশিক সাহায্য
iii. কর থেকে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. GDP গণনার ক্ষেত্রে কয়টি উপাদান অন্তর্ভুক্ত করা হয় না?

(ক) ৬টি (খ) ৭টি
(গ) ৮টি (ঘ) ৯টি

২০. জনপ্রতি বার্ষিক আয়কে কী বলে?

(ক) জাতীয় আয় (খ) নিট আয়
(গ) মোট আয় (ঘ) মাথাপিছু আয়

২১. বাংলাদেশে জাতীয় আয় গণনার দায়িত্বে নিয়োজিত সরকারি প্রতিষ্ঠান কোনটি?

(ক) বাংলাদেশে জনসংখ্যা অধিদপ্তর
(খ) বাংলাদেশ ব্যাংক
(গ) জাতীয় সংসদ
(ঘ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

২২. স্থগিত লেনদেন বলতে কী বুঝায়?

(ক) ভবিষ্যৎ দেনা-পাওনাকে
(খ) ঋণ গ্রহণ করাকে
(গ) মূল্য স্থানান্তরকে
(ঘ) তারল্যের মানকে

২৩. কোন ধরনের আমানতে কোনো প্রকার সুদ প্রদান করা হয় না?

(ক) চলতি আমানত (খ) সঞ্চয়ী আমানত
(গ) স্থায়ী আমানত (ঘ) বিবিধ আমানত

২৪. কোন দেশের কেন্দ্রীয় ব্যাংকের নাম 'ফেডারেল রিজার্ভ সিস্টেম'?

(ক) বাংলাদেশের (খ) ভারতের
(গ) যুক্তরাষ্ট্রের (ঘ) ইংল্যান্ডের

২৫. বাংলাদেশের প্রেক্ষিতে কোনটি অর্থনৈতিক প্রবৃদ্ধির চালিকাশক্তি?

(ক) কৃষি (খ) শিল্প
(গ) বাণিজ্য (ঘ) নির্মাণ

২৬. অর্থনৈতিক উন্নয়ন হয় কীভাবে?

(ক) মাথাপিছু আয় + বিনিয়োগ
(খ) প্রবৃদ্ধি + অর্থনীতির গুণগত পরিবর্তন
(গ) প্রবৃদ্ধি + মাথাপিছু আয়
(ঘ) মাথাপিছু আয় + অর্থনীতির গুণগত পরিবর্তন

২৭. EPZ এর পূর্ণরূপ কী?

(ক) Export Procuring Zone
(খ) Export Producing zone
(গ) Export Proxcl Zone
(ঘ) Export Processing Zone

২৮. টিএমএসএস কত সালে প্রতিষ্ঠিত হয়?

(ক) ১৯৭৮ (খ) ১৯৮০
(গ) ১৯৮২ (ঘ) ১৯৮৪

২৯. হোসিয়ারি শিল্প কোন শিল্পের অন্তর্ভুক্ত?

(ক) বৃহৎ শিল্প (খ) মাঝারি শিল্প
(গ) ক্ষুদ্রায়তন শিল্প (ঘ) কুটির শিল্প

৩০. "একটি দেশ দরিদ্র, কারণ সে দরিদ্র" উক্তিটি কার?

(ক) লর্ড কেইনস (খ) আলফ্রেড মার্শাল
(গ) র‍্যাগনার নার্কস (ঘ) এডাম স্মিথ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | ক | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ক | ৮ | খ | ৯ | ক | ১০ | গ | ১১ | গ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | গ |

https://teachingbd24.com